



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং: ৭৫৮/ক/অনু/২০১৫/১৭৬

তারিখ: ০৫/০৫/২০২৪

বিষয় : টাঙ্গাইল জেলার ধনবাড়ী উপজেলাধীন 'সুলতান প্রফেসর মডেল কলেজ' -এর উচ্চমাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা- এর মন্ত্রণী কমিটির ১৪/০৩/২০২৪ তারিখের ৫ম সভার সিদ্ধান্ত এবং ২৩০ তম বোর্ড সভার অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ টাঙ্গাইল জেলার ধনবাড়ী উপজেলাধীন 'সুলতান প্রফেসর মডেল কলেজ' -এর উচ্চমাধ্যমিক পর্যায়ে অনলাইনে হালনাগাদ খাজনা পরিশোধ করার শর্তপূরণের শর্তে প্রথম অস্থায়ী স্বীকৃতির অনুমতি প্রদান করা হলো। এ অনুমতি নিম্নোক্ত শর্তে ০১/০৭/২০২৩ হতে ৩০/০৩/২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য প্রথম অস্থায়ী স্বীকৃতির অনুমতি প্রদান করা হলো।

শাখাসমূহ	আবশ্যিক	মানবিক শাখা	বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা শাখা
(১) মানবিক	(১) বাংলা	(১) অর্থনীতি	(১) পদার্থ বিজ্ঞান	(১) হিসাব বিজ্ঞান
(২) বিজ্ঞান	(২) ইংরেজি	(২) সমাজ বিজ্ঞান	(২) রসায়ন বিজ্ঞান	(২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
(৩) ব্যবসায় শিক্ষা	(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(৩) ভূগোল	(৩) জীব বিজ্ঞান	(৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
		(৪) কৃষি শিক্ষা	(৪) উচ্চতর গণিত	(৪) ফিন্যান্স ব্যাংকিং ও বীমা

শর্তসমূহ :

- (১) কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে;
- (২) কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না ;
- (৩) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে;
- (৪) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে ;
- (৫) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন,পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- (৬) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৭) শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- (৮) প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে ;
- (৯) কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে;
- (১০) উল্লেখ্য, প্রতি পঞ্জিকা বর্ষের প্রতি ০৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম ০১টি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে;
- (১১) শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে ;
- (১২) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না ;
- (১৩) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না ;
- (১৪) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে ;
- (১৫) ব্যক্তি নামে শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা সরকারের পূর্বনুমতি সাপেক্ষে প্রতিষ্ঠান প্রধান ও জেলা শিক্ষা অফিসার/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের যৌথ স্বাক্ষরে প্রতিষ্ঠানের নামে সঞ্চয়পত্র/স্থায়ী আমানত হিসেবে (FDR) জমা রাখতে হবে এবং প্রমাণক প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। এ অর্থ জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যবহার করা যাবে। সেক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বনুমতি গ্রহণ করতে হবে।
- (১৬) কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
 - (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব - এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।
- (১৭) উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে;

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা

কলেজ পরিদর্শক (অতি. দা:) ও

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ

'সুলতান প্রফেসর মডেল কলেজ' (EIN- 138720)

ধনবাড়ী, টাঙ্গাইল।

মেমো নং :

তারিখ : ০৫/০৫/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ;
- (২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ;
- (৩) পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
- (৪) জেলা প্রশাসক, টাঙ্গাইল
- (৫) পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- (৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
- (৭) সভাপতি, গভর্নিং বডি, 'সুলতান প্রফেসর মডেল কলেজ', ধনবাড়ী, টাঙ্গাইল;
- (৮) অফিস কপি;

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা